



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

1st. Term: Answer Worksheet - 5



Class: 3

Subject: Bengali Text (প্রজাপতি)

Date : 17/7/2020

১। প্রজাপতি সম্বন্ধে কয়েকটি বাক্য লেখ ।

উ: প্রজাপতি পতঙ্গ জাতীয় প্রাণী । এদের মাথায় প্রায় গোলাকার পুঞ্জাক্ষি থাকে । মাথা, বুক ও পেট এই তিন ভাগে তাদের শরীর গঠিত । তিন জোড়া পা, দুই জোড়া ডানা, দুটি শঁড় ও একটি মধু পান করার নল থাকে । এরা দিনের বেলায় ফুলে ফুলে উড়ে মধু খায় । স্ত্রী প্রজাপতি গাছের পাতায় ডিম পাড়ে । সেই ডিম ফুটে কীট ও শঁয়োপোকা হয় । শঁয়োপোকা পাতা খেয়ে খেয়ে লালা দিয়ে শরীরের চারদিকে একটি গুটি বানায় । কিছুদিন পর সেই গুটি কেটে বিভিন্ন রঙের প্রজাপতি বেরিয়ে আসে । এদের জীবনকাল প্রায় ১২ মাস ।

২। কবির মতে আমাদের সৃষ্টিকর্তা কী কী দিয়েছেন ?

উ: কবির মতে সৃষ্টিকর্তা আমাদের শরীর, মন ও বুদ্ধি দিয়েছেন । তিনি আমাদের বেঁচে থাকার জন্য সুন্দর এই পৃথিবী দিয়েছেন । পৃথিবীতে আমাদের সকলের প্রয়োজনীয় জিনিস দিয়েছেন । এই বিশাল পৃথিবীতে আমাদের আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব দিয়েছেন যারা আমাদের খুবই প্রিয় । তিনি এই সুন্দর পৃথিবীতে সকলের সঙ্গে সম্পর্ক রাখার একটি অনুভূতিও দিয়েছেন ।

৩। প্রজাপতি কবিতার প্রথম ৮ লাইন লেখ ।

উ: প্রজাপতি

যোগীন্দ্রনাথ সরকার

ফুলের দলে প্রজাপতি ,

হাসির 'পরে হাসি !

এমন শোভা দেখতে আমি

বড়োই ভালোবাসি ।

উড়ে উড়ে কেমন তারা

বেড়ায় নেচে নেচে ;

ইন্দ্রধনু দিয়ে পাখা

জানো , কে ঐঁকেছে ?

৪। প্রজাপতির পাখা ইন্দ্রধনুর মতো – কবি কেন একথা বলেছেন ?

উ: প্রজাপতির পাখায় অনেক রঙ থাকে । লাল, হলুদ, সবুজ, বেগুনী, নীল প্রভৃতি রঙের প্রজাপতি আমরা দেখতে পাই । ইন্দ্রধনুতেও সাতটি রঙ থাকে । কবি ইন্দ্রধনুর রঙের সঙ্গে প্রজাপতির পাখার রঙের তুলনা করেছেন । কবির মতে প্রজাপতি আর ইন্দ্রধনু – দুই-ই সৃষ্টিকর্তার এক অপরূপ সৃষ্টি ।

Manashi Chaudhuri